গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.moedu.gov.bd

নং- ৩৭.০২.০০০০.০৮৩.১১.০৫.১৬- **৮৫**

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২৩ / ২৮ ফেব্রুয়ারি ২০১৭

## নিয়োগ আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১ আগস্ট ১৯৯৭ তারিখের সম/সওব্য/টিম-৪(২)- উঃপ্রঃনিঃ/৪৭/ ৯৭/১৮৮ সংখ্যক প্রজ্ঞাপন এবং সিলেকশন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) বেতনক্রমের বিপরীতে সাকুল্য বেতনে প্রোগ্রাম মেয়াদ কালের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)'' এর আওতায় নিম্নোক্ত শর্তে 'কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ প্রদান পূর্বক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলোঃ

| ক্রমিক নং | নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও রোল নম্বর | নিয়োগকৃত পদের নাম, বেতন স্কেল ও এর বিপরীতে সাকুল্য বেতন | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | **Name:** AJIT KUMER ROY<br>**Father's Name:** HARIKISHOR ROY<br>**Mother's Name:** MONI BALA ROY<br>**Village:** BANIA JOT<br>**Post Office:** AMTALA KAZIPARA<br>**Upozilla/Police Station:** Boda<br>**District:** Panchagarh<br>**Roll No.** 229001442 | কম্পিউটার অপারেটর<br>৳১৬,০০০-৩৮,৬৪০/-<br>সাকুল্যে: ২৭,১০০/- | পিপিপি সেল<br>পরিকল্পনা ও উন্নয়ন উইং<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>শিক্ষা ভবন, ঢাকা। |
| ২. | **Name:** MD. SHAMIM KAMRUZZAMAN<br>**Father's Name:** MD. SHAHADAT HOSSAIN<br>**Mother's Name:** M. N. JAHAN SULTANA<br>**Village:** Torjiranti<br>**Post Office:** Bagra Bazar<br>**Upozilla/Police Station:** Faridganj<br>**District:** Chandpur<br>**Roll No.** 229001409 | কম্পিউটার অপারেটর<br>৳১৬,০০০-৩৮,৬৪০/-<br>সাকুল্যে: ২৭,১০০/- | একিউএইউ<br>পরিকল্পনা ও উন্নয়ন উইং<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর<br>শিক্ষা ভবন, ঢাকা |
| ৩. | **Name:** MD AKTAR MIAH<br>**Father's Name:** MD ABUL KHAYER<br>**Mother's Name:** REZIA KHATUN<br>**Village:** Joydebpur (Sattalia)<br>**Post Office:** Muchikandi<br>**Upozilla/Police Station:** Chunarughat<br>**District:** Habiganj<br>**Roll No.** 229000917 | কম্পিউটার অপারেটর<br>৳১৬,০০০-৩৮,৬৪০/-<br>সাকুল্যে: ২৭,১০০/- | আঞ্চলিক কার্যালয়<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা<br>সিলেট অঞ্চল, সিলেট |

০২। নিয়োগের শর্তাবলীঃ

ক) প্রোগ্রামে নিয়োজিত কর্মকর্তা সার্বক্ষণিকভাবে প্রোগ্রামের কাজে নিয়োজিত থাকবেন এবং প্রোগ্রাম মেয়াদান্তে আপনি চাকুরি থেকে অব্যাহতি প্রাপ্ত হবেন মর্মে গণ্য হবেন। এর জন্য প্রোগ্রাম মেয়াদান্তে আলাদা কোন ছাড়পত্র ইস্যু করা হবে না;

খ) চাকুরিকালীন চাকুরি সংক্রান্ত বিদ্যমান প্রবিধানিক ব্যবস্থা অনুযায়ী আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;

গ) প্রোগ্রাম পরিচালক একই প্রোগ্রামের আওতায় যে কোন স্থানে বদলি করতে পারবেন;

ঘ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশে এ নিয়োগ বাতিল করতে পারবেন;

ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন ফেরৎ প্রদান সাপেক্ষে চাকুরি থেকে অব্যাহতি গ্রহণ করতে পারবেন, তবে অব্যাহতি গ্রহণের পূর্বে যাবতীয় সরকারি পাওনা পরিশোধ করতে হবে;

চ) নিয়োগ পত্রে উল্লেখ করা হয়নি এমন বিষয়ে প্রোগ্রামে নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্যে বিধিসমূহের আওতাধীন থাকবেন;

ছ) যোগদান পত্রের সাথে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র পেশ করতে হবে;

চলমান পাতা-২

জ) চাকুরিতে যোগদানের ০৬ (ছয়) মাসের মধ্যে পুলিশ প্রত্যয়নপত্র সংগ্রহ করা হবে। পুলিশ প্রত্যয়নপত্রে কোন বিরুপ মন্তব্য থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরি হতে সরাসরি অব্যাহতি দেয়া হবে;

ঝ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ ও পরবর্তী জারিকৃত পরিপত্র অনুযায়ী বিধি মোতাবেক প্রযোজ্য হারে অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন; এবং

ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। উল্লিখিত শর্তাদির আলোকে আপনি চাকুরিতে যোগদানে সম্মত থাকলে এতদ্‌সঙ্গে সংযুক্ত অঙ্গীকারনামায় (৩০০/-টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সম্পাদিতব্য) স্বাক্ষরসহ আগামী ০৯ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ/২৫ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ তারিখে 'প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক, ৬ষ্ঠ তলা, রুম নং-৬০১), ঢাকা' বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

(মোঃ জহিরুল ইসলাম)
উপ-সচিব (উন্নয়ন-৩)
☎ ৯৫৬১৪৪১
E-mail:ds_dev3@moedu.gov.bd

নং- ৩৭.০২.০০০০.০৮৩.১১.০৫.১৬-**৮৫ (১৮)** তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২৩ / ২৮ ফেব্রুয়ারি ২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
২। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (শিক্ষা উইং), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। পুলিশ সুপার, জেলাঃ ... ... ... ... ... ... ।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৯। সিভিল সার্জন, ... ... ... ।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২। জনাব ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(মোঃ জহিরুল ইসলাম)
উপ-সচিব (উন্নয়ন-৩)

<u>অঙ্গীকারনামা</u>

এই মর্মে অঙ্গীকার করছি যে, আমি ..................................................................................

পিতা/স্বামী ..................................................................................

মাতা ..................................................................................

স্থায়ী ঠিকানা : ..................................................................................

.................................................................................................................. ।

আমার উপরোক্ত ঠিকানা যথাযথ সত্য এবং আমার কোন ঠিকানা গোপন করিনি এবং মিথ্যা কোন ঠিকানা/তথ্য বা সনদপত্র চাকুরির ক্ষেত্রে ব্যবহার করিনি। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের গত ২৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের ৩৭.০২.০০০০.০৮৩.১১.০৫.১৬-৮৫ সংখ্যক নিয়োগ আদেশ মোতাবেক "সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)"-এর আওতায় বর্ণিত নিয়োগ আদেশ-এর শর্তাবলী যথাযথভাবে পালনের অঙ্গীকার করছি। তদানুযায়ী অদ্য ০৯ মার্চ, ২০১৭ তারিখ "কম্পিউটার অপারেটর" পদে যোগদান করলাম।

______________________________

নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর